

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৭ নভেম্বর ২০১৩

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১৩১.২০১২-১৩০৪—যেহেতু, ডাঃ মুহাম্মদ হুমায়ুন কবীর, চেয়ারম্যান, আলমডাঙ্গা উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা কর্তৃক উপজেলা পরিষদের গাড়ী চালক পদে নিয়োগের লক্ষ্যে বাছাই কমিটির সুপারিশ যথাসময়ে পরিষদ সভায় উপস্থাপন না করে ১ বছর ১ মাস ১৮ দিন যাবৎ নিয়োগ প্রদান করেননি।

যেহেতু, কি পারিপার্শ্বিকতার কারণে তিনি উক্ত পদে চূড়ান্ত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে পারেননি তা যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করেননি;

যেহেতু, উপজেলা পরিষদ চেয়ারম্যান, আলমডাঙ্গার চরম গাফিলতির কারণে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও উল্লিখিত পদে নিয়োগদানের বিষয়টি পরিষদ সভায় উপস্থাপন না করার অভিযোগে তাঁর বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে এবং তাঁর দ্বারা পরিষদের কার্যক্রম পরিচালনা করা জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

(১০৩৫৯)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত। এর ধারা ১৩খ(১) ধারা অনুসারে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলা পরিষদ চেয়ারম্যান ডাঃ মুহাম্মদ হুমায়ুন কবীরকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সবুর হোসেন

উপ-সচিব।